**প্রেস বিজ্ঞপ্তি**

**জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ**

**বিভিন্ন অপরাধে ৮২টি প্রতিষ্ঠানকে ৯.৪৬ লক্ষ টাকা জরিমানা**

**১৭ অক্টোবর ২০১৭ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয়, বিভিন্ন বিভাগীয় ও জেলা কার্যালয়ের ২৬ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, নারায়ণগঞ্জ, কিশোরগঞ্জ, গোপালগঞ্জ, জামালপুর, টাঙ্গাইল, পঞ্চগড়, চট্টগ্রাম, চাঁদপুর, ব্রাহ্মণবাড়ীয়া, ফেনী, বাগেরহাট, ঝিনাইদহ, মাগুরা, মেহেরপুর, নাটোর, জয়পুরহাট, সিরাজগঞ্জ, সিলেট, মৌলভীবাজার, বরিশাল, ঝালকাঠি, বরগুনা ও ভোলায় আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক জনাব ফাহমিনা আক্তার কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর গেন্ডারিয়া ও যাত্রাবাড়ী এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী ও পণ্যের নকল প্রস্তুত ও উৎপাদরে অপরাধে তুর্য্য ব্রেড এন্ড বিস্কুট ফ্যাক্টরীকে **১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার)** টাকা এবং পণ্যের নকল প্রস্তুত ও উৎপাদরে অপরাধে নিউ লাকি ব্রেড এন্ড বিস্কুট ফ্যাক্টরীকে **১,০০,০০০/- (এক লক্ষ)** টাকাসহ মোট **২,২০,০০০/- (দুই লক্ষ বিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

নারায়ণগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব তাহমিনা বেগমের নেতৃত্বে নারায়ণগঞ্জের রূপগঞ্জ উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৩,০০,০০০/- (তিন লক্ষ)** টাকা, কিশোরগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মো: ইব্রাহীম হোসেনের নেতৃত্বে কিশোরগঞ্জের বাজিতপুর উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **২৩,০০০/- (তেইশ হাজার)** টাকা, গোপালগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব শামীম হাসানের নেতৃত্বে গোপালগঞ্জ সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা, জামালপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মো: আরিফুল ইসলামের নেতৃত্বে জামালপুর সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৭,০০০/- (সাত হাজার)** টাকা এবং টাঙ্গাইল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মো: শরীফুল ইসলামের নেতৃত্বে টাঙ্গাইলের কালিহাতি উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১৩,০০০/- (তের হাজার)** টাকাসহ মোট **৩,৫৩,০০০/- (তিন লক্ষ তিপ্পান্ন হাজার)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মিথ্যা বিজ্ঞাপন দ্বারা ক্রেতা সাধারণকে প্রতারিত করা, ওজনে কারচুপি, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

পঞ্চগড় জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মো: হেলাল উদ্দীনের নেতৃত্বে পঞ্চগড় সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১২,০০০/- (বার হাজার)** টাকা, চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক জনাব নাসরিন আক্তারের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরের ডবলমুড়িং থানা এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **৪৫,০০০/- (পঁয়তাল্লিশ হাজার)** টাকা, চট্টগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মুহাম্মদ হাসানুজ্জামানের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরের ইপিজেড থানা এলাকায় অভিযোগের মাধ্যমে **২টি** প্রতিষ্ঠানকে **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৭,৫০০/- (সাত হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়, চাঁদপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মো: আছাদুল ইসলামের নেতৃত্বে চাঁদপুর সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১৭,০০০/- (সতের হাজার)** টাকা, ব্রাহ্মণবাড়ীয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব দেবানন্দ সিনহার নেতৃত্বে ব্রাহ্মণবাড়ীয়ার কসবা উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১৭,০০০/- (সতের হাজার)** টাকা, ফেনী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব সোহেল চাকমার নেতৃত্বে ফেনী সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা, বাগেরহাট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব শিকদার শাহীনুর আলমের নেতৃত্বে বাগেরহাট সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১৩,০০০/- (তের হাজার)** টাকা, ঝিনাইদহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব সুচন্দন মন্ডলের নেতৃত্বে ঝিনাইদহের শৈলকূপা উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৪,০০০/- (চার হাজার)** টাকা, মাগুরা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মোহাম্মদ মামুনুল হাসানের নেতৃত্বে মাগুরার মহম্মদপুর ও মাগুরা সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৭,০০০/- (সাত হাজার)** টাকা, মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মো: সেলিমুজ্জামানের নেতৃত্বে মেহেরপুরের গাংনি উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৯,০০০/- (নয় হাজার)** টাকা, নাটোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব অপূর্ব অধিকারীর নেতৃত্বে নাটোর সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৩৬,০০০/- (ছত্রিশ হাজার)** টাকা, জয়পুরহাট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব দেবাশীষ রায়ের নেতৃত্বে জয়পুরহাটের ক্ষেতলাল উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **১,০০০/- (এক হাজার)** টাকা, সিরাজগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব এ.এস.এম মাসুম-উদ-দৌলার নেতৃত্বে সিরাজগঞ্জের সলংগা উপজেলায় **৬টি** প্রতিষ্ঠানকে **১২,০০০/- (বার হাজার)** টাকা, সিলেট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মো: জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সিলেটের বিশ্বনাথ উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **২৩,০০০/- (তেইশ হাজার)** টাকা, মৌলভীবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মো: আল-আমিনের নেতৃত্বে মৌলভীবাজারের রাজনগর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৯,০০০/- (নয় হাজার)** টাকা, বরিশাল বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক জনাব সুমি রাণী মিত্রের নেতৃত্বে বরিশালের কাউনিয়া থানা এলাকায় **১টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা, বরিশাল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মো: শাহ শোয়াইব মিয়ার নেতৃত্বে বরিশালের কাউনিয়া থানা এলাকায় **১টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, ঝালকাঠি জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব সাফিয়া সুলতানার নেতৃত্বে ঝালকাঠির কাঁঠালিয়া উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৪,০০০/- (চার হাজার)** টাকা, বরগুনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মোহাম্মদ সেলিমের নেতৃত্বে বরগুনা সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৪,০০০/- (চার হাজার)** টাকা, ভোলা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মুহাম্মদ মহিউদ্দিন মিরাজের নেতৃত্বে ভোলার তজুমদ্দিন উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **১১,৫০০/- (এগার হাজার পাঁচশত)** টাকাসহ মোট **২,৮৪,৫০০/- (দুই লক্ষ চুরাশি হাজার পাঁচশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, ওজনে কারচুপি, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপি, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো, অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের উপ-পরিচালক জনাব শাহীন আরা মমতাজ কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে আগোরাকে **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৭,৫০০/- (সাত হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক জনাব আতিয়া সুলতানা কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে রয়্যাল গ্রীনিচ রেস্টুরেন্টকে **১২,০০০/- (বার হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৩,০০০/- (তিন হাজার)** টাকা প্রদান করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক জনাব প্রনব কুমার প্রামানিক কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Nongor Fast Food কে **২,০০০/- (দুই হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৫০০/- (পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক জনাব আফরোজা রহমান কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে ঐতিহ্য প্রকাশনা, তাজ ফার্মা এন্ড ডিপার্টমেন্টাল স্টোর, Slice of Life, বার্গার ল্যাব ও সাজ টেলিকমকে যথাক্রমে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, **১০,০০০/- (দশ হাজার)** টাকা, **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, **১০,০০০/- (দশ হাজার)** টাকা ও **১,০০০/- (এক হাজার)** টাকা এবং প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে আজকের ডিল ডট কম কে **৮,০০০/- (আট হাজার)** টাকাসহ মোট **৩৯,০০০/- (উনচল্লিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৬ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৯,৭৫০/- (নয় হাজার সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

সিরাজগঞ্জ কার্যালয়ের সহকারী পরিচালক জনাব এ.এস.এম মাসুম উদ-দৌলা কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে অভি হাইওয়ে ভিলাকে **৫,৫০০০/- (পাঁচ হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,৩৭৫/- (এক হাজার তিনশত পঁচাত্তর)** টাকা প্রদান করা হয়।

আজকের **২৬টি** বাজার তদারকির ও **১৩টি** লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৮২টি** প্রতিষ্ঠানকে মোট **৯,৪৬,০০০/- (নয় লক্ষ ছিচল্লিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **১৩ জন** অভিযোগকারীকে মং **২৯,৬২৫/- (উনত্রিশ হাজার ছয়শত পঁচিশ)** টাকা প্রদান করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।


স্বাক্ষরিত/-
(রিনা বেগম)
সহকারী পরিচালক (কার্যক্রম)
ফোনঃ ০২-৮১৮৯৪১১
ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd


**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, নারায়ণগঞ্জ, কিশোরগঞ্জ, গোপালগঞ্জ, জামালপুর, টাঙ্গাইল, পঞ্চগড়, চট্টগ্রাম, চাঁদপুর, ব্রাহ্মণবাড়ীয়া, ফেনী, বাগেরহাট, ঝিনাইদহ, মাগুরা, মেহেরপুর, নাটোর, জয়পুরহাট, সিরাজগঞ্জ, সিলেট, মৌলভীবাজার, বরিশাল, ঝালকাঠি, বরগুনা ও ভোলা।
৭। পুলিশ সুপার, ঢাকা, নারায়ণগঞ্জ, কিশোরগঞ্জ, গোপালগঞ্জ, জামালপুর, টাঙ্গাইল, পঞ্চগড়, চট্টগ্রাম, চাঁদপুর, ব্রাহ্মণবাড়ীয়া, ফেনী, বাগেরহাট, ঝিনাইদহ, মাগুরা, মেহেরপুর, নাটোর, জয়পুরহাট, সিরাজগঞ্জ, সিলেট, মৌলভীবাজার, বরিশাল, ঝালকাঠি, বরগুনা ও ভোলা।
৮। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।